সিনিয়র সিস্টেম এনালিস্ট
◇ সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার
◇ প্রোগ্রামার
◇ সহকারী প্রোগ্রামার
◇ সঃমেঃই-১/সঃমেঃই-২
◇ নথি
ডাইরি নং.........
তারিখঃ 27/01/2020
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং: ৩৫.০০.০০০০.০৩২.০১১.২৫.১৬(অংশ-২)-৩৬

তারিখ: ০৯ মাঘ ১৪২৬ / ২৩ জানুয়ারি ২০২০

বিষয়ঃ সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নের জন্য নতুন অনুমোদিত ০৯টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ এবং চলমান ০১টি প্রকল্পের প্রকল্প পরিচালক পরিবর্তন সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নের জন্য নতুন অনুমোদিত ০৯টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ এবং চলমান ০১টি প্রকল্পের প্রকল্প পরিচালক পরিবর্তনের লক্ষ্যে প্রকল্প পরিচালক নিয়োগ কমিটি'র সভা গত ১৬ জানুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনাক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

A mashud
26/01/2020

(আবদুল্লাহ-আল-মাসুদ)
সিনিয়র সহকারী প্রধান
ফোন-৯৫১৪২৬৬
E-mail: mashudllb@msn.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, ইআরডি, শেরে বাংলা নগর, ঢাকা
৩। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৪। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫। অতিরিক্ত সচিব (বাজেট-৫), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৭। মহাপরিচালক, যোগাযোগ ও স্থানীয় সরকার সেক্টর, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা
৮। যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
৯। যুগ্মপ্রধান (সড়ক পরিবহন উইং), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। উপপ্রধান (পরিঃ ও কার্যঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫-৬। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

বিষয়ঃ সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নের জন্য নতুন অনুমোদিত ০৯টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ এবং চলমান ০১টি প্রকল্পের প্রকল্প পরিচালক পরিবর্তন সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ	:	১৬ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ
সময়	:	সকাল ১০:৩০ মিনিট
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

২. উপস্থাপনাঃ

২.১ সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য পরিকল্পনা বিভাগ কর্তৃক ০৯/০২/২০১৬ তারিখে পরিপত্র জারী করা হয়েছে। একই বিষয়ে আইএমইডি'র প্রতিবেদনের প্রেক্ষিতে প্রকল্প বাস্তবায়ন ত্বরান্বিত করার নিমিত্ত দক্ষ প্রকল্প পরিচালক নিয়োগের জন্য জাতীয় অর্থনৈতিক পরিষদের সভার সিদ্ধান্ত রয়েছে। উল্লেখিত সিদ্ধান্ত অনুসরণে প্রকল্প পরিচালক নিয়োগ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন/নির্দেশনাও তাঁর কার্যালয় থেকে সকল মন্ত্রণালয়/বিভাগকে পত্রের মাধ্যমে জানানো হয়েছে। তৎপ্রেক্ষিতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় গৃহীত উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে সভাপতি করে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ, আইএমইডি ও সংশ্লিষ্ট সংস্থা প্রধান সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়। সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নের জন্য একনেক/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সম্প্রতি অনুমোদিত হয়েছে এবং প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে এমন ০৯টি নতুন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ এবং চলমান ০১টি প্রকল্পের প্রকল্প পরিচালক পরিবর্তনের জন্য প্রস্তাবের প্রেক্ষিতে প্রকল্প পরিচালক নিয়োগ কমিটি'র এ সভা আহ্বান করা হয়েছে।

৩. আলোচনা :

৩.১ সভায় উল্লেখ করা হয় যে, এ বিভাগের আওতাধীন তথা সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যক্রম ও জনবলের ধরণ ও সীমাবদ্ধতার কারণে পরিপত্র সম্পূর্নরূপে অনুসরণ করে প্রকল্প পরিচালক নিয়োগ করা অত্যন্ত দুরুহ। বাস্তব ও সঙ্গত কারণেই সকল প্রকল্পে পূর্নকালীন প্রকল্প পরিচালক নিয়োগ করা সম্ভব হয় না। ভৌগলিক বা কর্মস্থলজনিত অবস্থানের কারণে এবং প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে এক জোনের কর্মকর্তাকে অন্য জোনের প্রকল্পের দায়িত্ব প্রদান করা যায় না এবং একজন কর্মকর্তাকে ক্ষেত্র বিশেষে অনেকগুলো প্রকল্পের দায়িত্ব প্রদান করতে হয়। সভায় এ বিষয়ে একমত পোষণ করা হয়। এছাড়া, ডিপিপি প্রণয়নকালে প্রকল্প পরিচালকের ক্ষেত্রে সুনির্দিষ্ট কর্মকর্তার সংস্থান না রেখে (বিকল্পসহ) একাধিক গ্রেড এর উল্লেখ থাকা যৌক্তিক মর্মে সভায় মত প্রকাশ করা হয়। তাছাড়া, নতুন অনুমোদিত এবং চলমান অন্যান্য প্রকল্পের প্রকল্প পরিচালক পরিবর্তনের প্রয়োজন হলে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরনের জন্য সওজ-কে পুনঃ পরামর্শ প্রদান করা হয়।

৩.২ সভায় আলোচনা হয় যে, প্রতিটি জোনে সওজ অধিদপ্তরের পর্যাপ্ত জনবল নেই। পরিপত্র প্রতিপালনের উদ্দেশ্যেই পরিচালক নিয়োগ কমিটি করা হয়েছে। প্রস্তাবিত অধিকাংশ প্রকল্পের ব্যয় ১০০ কোটি টাকার উর্ধ্বে। প্রকল্প পরিচালক নিয়োগের জন্য প্রস্তাবিত সকল প্রকল্পের ক্ষেত্রেই ৩জন করে কর্মকর্তার নাম প্রস্তাব করা হয়েছে এবং তাদের জীবনবৃত্তান্ত দাখিল করা হয়েছে। অতঃপর ০৯টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে সভায় বিশদ পর্যালোচনা করা হয় এবং প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে সকলে একমত পোষণ করেন। এছাড়া, ০১টি প্রকল্পের প্রকল্প পরিচালক বদলী জনিত কারনে প্রকল্প পরিচালক পরিবর্তনের সুপারিশ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৪. সুপারিশ/সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৪.১ প্রকল্পসমূহের ব্যয় ও প্রধান প্রধান কার্যক্রম; প্রস্তাবিত প্রকল্প পরিচালকের কর্মস্থল, কার্যপরিধি ও অভিজ্ঞতা ইত্যাদি বিবেচনায় প্রকল্প বাস্তবায়নের সুবিধার্থে সওজ অধিদপ্তরের নিম্নোক্ত প্রকল্পসমূহের পার্শ্বে উল্লেখিত কর্মকর্তাগণকে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্বে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগের সুপারিশ করা হলো:

ক্রম	প্রকল্পের নাম (মেয়াদকাল)	সুপারিশকৃত প্রকল্প পরিচালক
০১	দর্শনা মুজিবনগর আঞ্চলিক মহাসড়ক (আর-৭৪৯) উন্নয়ন (০১/০৭/২০১৯ হতে ৩০/০৬/২০২২)	জনাব আবু হেনা মোস্তফা কামাল তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ কুষ্টিয়া সড়ক সার্কেল, কুষ্টিয়া
০২	পালবাড়ী-দড়াটানা-মনিহার-মুড়ালী জাতীয় মহাসড়ক (এন-৭০৭) এর মনিহার হতে মুড়ালী পর্যন্ত ৪-লেনে উন্নীতকরণ (০১/১০/২০১৯ হতে ৩১/১২/২০২১)	জনাব এস এম মোয়াজ্জেম হোসেন নির্বাহী প্রকৌশলী, সওজ যশোর সড়ক বিভাগ, যশোর
০৩	ঝিনাইদাহ-কুষ্টিয়া-পাকশী-দাশুরিয়া জাতীয় মহাসড়ক (এন-৭০৪) এর কুষ্টিয়া শহরাংশ ৪-লেনে উন্নীতকরণসহ অবশিষ্টাংশ যথাযথ মানে উন্নীতকরণ (০১/০৭/২০১৯ হতে ৩০/০৬/২০২২)	জনাব জর্জিস হোসেন অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ খুলনা জোন, খুলনা
০৪	দিঘলিয়া (রেলিগেট)-আড়ুয়া-গাজীরহাট-তেরখাদা সড়কের (জেড-৭০৪০) ১ম কিলোমিটারে ভৈরব নদীর উপর ভৈরব সেতু নির্মাণ (০১/০১/২০২০ হতে ৩১/১২/২০২২)	জনাব জর্জিস হোসেন অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ খুলনা জোন, খুলনা
০৫	মাগুড়া-নড়াইল (আর-৭২০) আঞ্চলিক মহাসড়কের বাঁকসড়লীকরণসহ যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (০১/০৭/২০১৯ হতে ৩০/০৬/২০২২)	জনাব জর্জিস হোসেন অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ খুলনা জোন, খুলনা
০৬	যশোর (রাজারহাট)-মনিরামপুর-কেশবপুর-চুকনগর (আর-৭৫৫) আঞ্চলিক মহাসড়ক উন্নয়ন (০১/১০/২০১৯ হতে ৩১/১২/২০২১)	জনাব জর্জিস হোসেন অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ খুলনা জোন, খুলনা
০৭	৪-লেনে উন্নীত ঢাকা-চট্টগ্রাম জাতীয় মহাসড়ক (এন-১) (দাউদকান্দি-চট্টগ্রাম অংশ) -এর ৪(চার) বছরের জন্য পারফরম্যান্স বেইজড অপারেশন ও দৃঢ়করণ (০১/০৭/২০১৯ হতে ৩০/০৬/২০২৩)	জনাব মোঃ শওকত আলী অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ কুমিল্লা জোন, কুমিল্লা
০৮	ফেনী (মাস্টারপাড়া)-আলোকদিয়া-ভালুকিয়া-লস্করহাট-ছাগলনাইয়া (শান্তিরহাট) জেলা মহাসড়কটি যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (০১/১০/২০১৯ হতে ৩১/১২/২০২১)	সৈয়দ হালিমুর রহমান নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), সওজ ফেনী সড়ক বিভাগ, ফেনী
০৯	ফেনী-সোনাগাজী-মুহুরী প্রকল্প সড়কের ৩০তম কিলোমিটারে ৩৯১.৩৪ মিটার দীর্ঘ মুহুরী সেতু এবং বক্তারমুন্সী-কাজিরহাট-দাগনভূঞা সড়কের ১৩তম কিলোমিটারে ৫০.১২ মিটার দীর্ঘ ফাজিলাঘাট সেতু নির্মাণ (০১/১০/২০১৯ হতে ৩১/১২/২০২১)	সৈয়দ হালিমুর রহমান নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), সওজ ফেনী সড়ক বিভাগ, ফেনী

৪.২ নিম্নোক্ত ০১(এক) টি প্রকল্পের পূর্ববর্তী প্রকল্প পরিচালক পরিবর্তনপূর্বক নিম্নের তালিকা অনুযায়ী নতুন প্রকল্প পরিচালক সুপারিশ করা হলো:

ক্রম	প্রকল্পের নাম (মেয়াদকাল)	পূর্ববর্তী প্রকল্প পরিচালক	সুপারিশকৃত প্রকল্প পরিচালক
০১	আরিচা (বরঙ্গাইল)-ঘিওর-দৌলতপুর-টাঙ্গাইল সড়কের ৬ষ্ঠ কিলোমিটারে ১০৩.০০ মিটার দীর্ঘ পিসি গার্ডার সেতু নির্মাণ	জনাব মোঃ এমদাদ হোসেন নির্বাহী প্রকৌশলী, সওজ মানিকগঞ্জ সড়ক বিভাগ, মানিকগঞ্জ	জনাব আমির হোসেন নির্বাহী প্রকৌশলী, সওজ মানিকগঞ্জ সড়ক বিভাগ, মানিকগঞ্জ

৪.৩ প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে প্রকল্প ব্যবস্থাপনা সেটআপসহ অন্যান্য সংশ্লিষ্ট অনুচ্ছেদ বা ছকে প্রকল্প পরিচালক হিসেবে কোন সুনির্দিষ্ট পদ/কর্মকর্তাকে প্রস্তাব করা যাবে না। এ ক্ষেত্রে একাধিক বিকল্পসহ প্রকল্প পরিচালকের গ্রেড উল্লেখ করতে হবে;

৪.৪ সওজ অধিদপ্তর কর্তৃক ভবিষ্যতে প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাবে প্রস্তাবিত কর্মকর্তা যে সকল চলমান প্রকল্পের ইতোমধ্যে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োজিত রয়েছেন ঐ সকল প্রকল্পের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি পৃথকভাবে উল্লেখ করতে হবে;

৪.৫ ডিপিপি প্রণয়নকালে প্রকল্প পরিচালকের গ্রেড হিসেবে একটি গ্রেড-এর উল্লেখ না করে বিকল্পসহ একাধিক গ্রেড-এর উল্লেখ করতে হবে;

৪.৬ প্রকল্প পরিচালক নিয়োগের প্রজ্ঞাপনের কপি সওজ গেজেটেড সংস্থাপন শাখায় স্ব স্ব ব্যক্তিগত নথিতে সংরক্ষণ করার জন্য প্রেরণ করা হবে।

৫. অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ